

# 15th Meeting of the Working Mechanism for Consultation & Coordination on India-China Border Affairs

June 24, 2020

## ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয়সাধনের জন্য গঠিত ওয়ার্কিং মেকানিজিম এর 15 তম বৈঠক

জুন 24, 2020

ভারত- চিন সীমান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয়সাধনের জন্য গঠিত ওয়ার্কিং মেকানিজিমের (ডব্লিউএমসিসি) 15 তম বৈঠক ভিডিও-কনফারেন্সের মাধ্যমে 24 জুন 2020 তে অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলকে নেতৃত্ব দিয়েছিলেন যুগ্ম সচিব(পূর্ব এশিয়া) এবং চিনের প্রতিনিধি দলকে নেতৃত্ব দিয়েছিলেন চিনের বিদেশ মন্ত্রকের সীমান্ত এবং সামুদ্রিক বিষয় সম্পর্কিত বিভাগের ডিরেক্টর জেনেরাল।

2. ভারত-চিন সীমান্ত অঞ্চলে বিশেষ করে পূর্ব লাদাখে উদ্ভূত পরিস্থিতি নিয়ে দুই পক্ষ বিস্তারিত আলোচনা করেছে। 15 জুন গালওয়ান উপত্যকায় হিংসাপূর্ণ মুখোমুখি সংঘর্ষ যার ফলে মৃত্যুও ঘটেছে সহ পূর্ব লাদাখে উদ্ভূত সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে ভারত তার উদ্বেগ জানিয়েছে। এই বিষয়ে দুই পক্ষই যাতে প্রকৃত নিয়ন্ত্রণ রেখার প্রতি যথাযথ শ্রদ্ধা বজায় রাখে এবং তা মেনে চলে তার উপর জোর দেওয়া হয়েছে।

3. দুই পক্ষই গত সপ্তাহে মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং চিনের স্টেট কাউন্সিলর এবং বিদেশ মন্ত্রী মহামান্য ওয়াং ই - র মধ্যে হওয়া বাক্যালাপের কথা স্মরণ করেছেন এবং বিযুক্তকরণ (ডিসএনগেজমেন্ট) এবং তীব্রতা লঘুকরণ (ডি- এসক্যালেশন) বিষয়ে 6 জুন দুই পক্ষের উচ্চপদস্থ কমান্ডারদের মধ্যে যে সমঝোতা হয়েছে তা আন্তরিকভাবে কাজে পরিণত করার ব্যাপারে পুনরায় আশ্বাস দিয়েছেন। দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রোটোকল অনুসারে এই সমঝোতা তৎপরতার সাথে কাজে পরিণত করতে দুই পক্ষের প্রতিনিধি দল সম্মত হয়েছে যা সীমান্ত অঞ্চলে শান্তি এবং প্রশান্তি নিশ্চিত করতে সাহায্য করবে এবং দুই দেশের সীমান্ত সম্পর্কের উন্নতি ঘটাবে। এই পরিপ্রেক্ষিতে তারা 22 জুন উচ্চপদস্থ কমান্ডারদের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে হওয়া আলোচনার কথাও নোট করেছেন।

4. বর্তমান পরিস্থিতির শান্তিপূর্ণ সমাধানের উদ্দেশ্যে কূটনৈতিক এবং সামরিক স্তরে যোগাযোগ বজায় রাখতে এবং ডব্লিউএমসিসি কার্ঠামোর অধীনে কাজ করতে দুই পক্ষ সম্মত হয়েছে।

নিউ দিল্লি

জুন 24, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.